

মনজিলুর রহমান এর ছড়া
চাষীর বয়ান

কই যে গেলি বাড়িয়ালি
নাস্তা নিয়ে আয়,
ক্ষুধার চোটে মরে গেলাম
পেটটা জ্বলে যায় ।

সাদা বাড়ির চাকরি নিয়ে
ছিলেম মহাসুখে,
মেয়াদ শেষে নিঃস্ব হয়ে
মরে গেলাম দুঃখে ।

দস্ত ভরে চলছি তখন
ছিলেম নটরাজ,
চেনি মেনি উজির নাজির
কেথায় গেল আজ ?

বিশ্ব যখন বিমুখ হলো
আমার কর্মদোষে,
জুতা পেটা নায়ক আমি
হলেম অবশেষে ।

আর চেঁচিওনা ভুখা চাষী
এদিক তুমি আও,
নাস্তা নিয়ে আসছি আমি
পেটটি ভরে খাও ।

সাদা বাড়ি চাকরি ছিল
ছিলে তুমি রাজা,
ধরা সরা জ্ঞান কর নাই
এখন বোঝ মজা ।

দস্ত ভরে চলছ তুমি
ডর ছিল না মনে,
সুখের পায়রা বন্ধুরা সব
পালিয়ে গেছে বনে ।

তোমার কর্মে বিশ্ব বেজার
সবাই দিগ্বিদিক,
জুতা ছুড়ে মারল তোমায়
সে এক, ক্ষিপ্র সাংবাদিক ।

টের হয়েছে, বেশ করেছ
আরে কাজ নাই,
আজকের মত ইতি টেনে
চল বাড়ি যাই ।

